

পরিচালক (প্রশাসন) এর দল

ডায়াল নং	১৫৮৫১০৬
ত্রৈমাসিক তারিখ	২৪/১/২০২৪
বাংলাদেশ সরকার প্রধানমন্ত্রী Bangladesh Prime Minister	প্রধানমন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় প্রশাসন-১ অধিশাখা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

প্রশাসন-১ অধিশাখা

www.mocat.gov.bd



তারিখ: ৩০ মার্চ ১৪৩০

১৩ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: সরকারের বর্তমান মেয়াদে প্রথম মন্ত্রিসভা-বৈঠকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: আধা-সরকারি পত্র নং-০৮.০০.০০০০.৩১১.০৬.১০১.২৪.৮৫ (৫২), তারিখ: ১.০২.২০২৪, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত।

উপর্যুক্ত বিষয় ও সুত্রে স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে একটি অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধারাবাহিকভাবে চতুর্থসহ পঞ্চমবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্বার প্রহণপূর্বক সরকার গঠন করেছেন। জনকল্যাণে গৃহীত সরকারি নীতিসমূহের ধারাবাহিকতা অব্যাহত রেখে ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে গত ১৫ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত সরকারের বর্তমান মেয়াদে প্রথম মন্ত্রিসভা-বৈঠকে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত সকলের প্রতি মাননীয় প্রধানমন্ত্রী নিয়ন্ত্রণ ১৫ টি নির্দেশনা প্রদান করেন:

১. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং অংশীজনের সঙ্গে সমন্বয় করে মুদ্রাশীতি ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
২. পবিত্র রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহ স্বাভাবিক রাখার জন্য আশু ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩. নির্বাচনী ইশতেহার ২০২৪-এ বর্ণিত প্রতিশ্রুতিসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিকভাবে সঙ্গে সমন্বিতভাবে পদক্ষেপ গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়/বিভাগসমূহ জাতীয় বাজেট প্রণয়নকালে নির্বাচনী ইশতেহার ২০২৪ বিবেচনায় রাখবে;
৪. কৃষি উৎপাদন বৃদ্ধি এবং খাদ্য পণ্য সংরক্ষণাগার নির্মাণে অগ্রাধিকার প্রদান করতে হবে;
৫. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের চারটি স্বত্ত্ব স্মার্ট সিটিজেন, স্মার্ট সরকার, স্মার্ট অর্থনীতি এবং স্মার্ট জনগণ নিশ্চিত করতে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগে করণীয় চিহ্নিত করে তা বাস্তবায়ন করবে;
৬. নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রকল্পের উপকারিতা/দেশের জনগণের কল্যাণকে অগ্রাধিকার প্রদান করতে হবে। বিদেশি খণ্ড/সহায়তা গ্রহণকালীন যথাযথভাবে সম্ভাব্যতা যাচাই করতে হবে। এ ছাড়া, চলমান প্রকল্পসমূহ বিশেষ করে যেগুলির বাস্তবায়ন সর্বশেষ পর্যায়ে রয়েছে সেগুলির প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে;
৭. সরকারি ক্রয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। দুর্নীতি প্রতিরোধে 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করতে হবে;
৮. সামাজিক নিরাপত্তা কর্মসূচি প্রকৃত উপকারভোগীর নিকট পৌছানো নিশ্চিত করতে হবে;
৯. সরকারের শূন্য পদসমূহে দুট জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১০. নারী উন্নয়ন ও ক্ষমতায়নে সাফল্যের ধারা অব্যাহত রাখতে হবে;
১১. রপ্তানি বহুমুখীকরণ, নতুন নতুন বাজার অনুসন্ধান ও প্রবেশে সহায়তা করতে হবে;
১২. গার্নেন্টস সেক্টরের ন্যায় চামড়া ও চামড়াজাত পণ্য, পাট ও পাটজাত পণ্য এবং কৃষিজাত পণ্য বিষয়ক শিল্প বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;
১৩. শিক্ষাকে কর্মসূচী করার লক্ষ্যে আইসিটি শিক্ষাকে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে;

১৪. যুবসমাজকে খেলাধুলা এবং শিল্প-সংস্কৃতি চর্চায় উৎসাহ প্রদানের মাধ্যমে তাদের মাদক, সন্দ্বাস ও জঙ্গিবাদ হতে বিরত রাখতে হবে;

১৫. অগ্নিসন্দ্বাস ও নাশকতার বিরুদ্ধে সমষ্টিভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে;

০২। এমতাবস্থায়, উপরিলিখিত নির্দেশনাসমূহের মধ্যে মন্ত্রণালয় ও এ মন্ত্রণালয়ের অধীন স্ব স্ব দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট নির্দেশনা প্রতিপালন এবং বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রশাসনিক মন্ত্রণালয়-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।



১৩-২-২০২৪

মো: আবুল কাশেম ভূইয়া

সহকারী সচিব (বুটিন দায়িত্ব)

ফোন: ০২-৫৫১০০৭০৩

ফ্যাক্স: ৯৫১৫৪৯৯

ইমেইল: admin1@mocat.gov.bd

বিতরণ : (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
- ২) চেয়ারম্যান (ফ্রেড-১), চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
- ৩) প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
- ৪) ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
- ৫) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড,
- ৬) ব্যবস্থাপনা পরিচালক, হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড
- ৭) উপসচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা
- ৮) সিনিয়র সহকারী সচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা
- ৯) প্রোগ্রামার, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা


স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০১০.২৫.০০১.১৯.১২৭/১(২)

তারিখ: ৩০ মাঘ ১৪৩০

১৩ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়



১৩-২-২০২৪

মো: আবুল কাশেম ভূইয়া
সহকারী সচিব (বুটিন দায়িত্ব)